

রুরাল পাওয়ার কোম্পানী লিঃ  
বাড়ী#১৯, রোড #১/বি  
সেক্টর#০৯, উত্তরা, ঢাকা।

বিষয়ঃ আরপিসিএল এর ইনোভেশন কমিটির ডিসেম্বর, ২০১৭ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

বিজ্ঞাখস মন্ত্রনালয়ের বিদ্যুৎ বিভাগের নির্দেশনা এবং মন্ত্রীপরিষদ বিভাগের প্রজ্ঞাপন (০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩-১৮) অনুযায়ী রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড এর ইনোভেশন কমিটির ডিসেম্বর, ২০১৭ মাসের মাসিক সভা ২১/১২/২০১৭ ইং তারিখ রোজ বৃহঃপ্রতিবার সকাল ১১.৩০ ঘটিকায় কোম্পানীর সদর দপ্তরের বোর্ড রুমে কমিটির আহবায়ক ও নির্বাহী পরিচালক (প্রকৌশল) জনাব মোঃ সেলিম ভূঁইয়া এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় আরপিসিএল এর ইনোভেশন কমিটির সদস্যগণ উপস্থিত ছিলেন(উপস্থিতির তালিকা সংযুক্ত)। এছাড়াও উক্ত সভায় আরপিসিএল এর ৩টি বিদ্যুৎ কেন্দ্রের (ময়মনসিংহ, গাজীপুর, রাউজান) ইনোভেশন কমিটির সদস্যগণ ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে অংশগ্রহন করেন। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় নিম্নোক্ত বিষয়াদির উপর আলোকপাত করা হয়:

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	বার্ষিক কর্মপরিকল্পনার অগ্রগতির উপর আলোচনা	সভায় বার্ষিক কর্মপরিকল্পনার অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করা হয় এবং উক্ত প্রতিবেদনের উপরে বিস্তারিত আলোচনা করা হয়।	প্রতি মাসের মাসিক সভায় বার্ষিক কর্মপরিকল্পনার অগ্রগতি প্রতিবেদন নিয়মিত আলোচনা করার বিষয়টি অব্যাহত রাখার ব্যাপারে এবং প্রতিমাসে নিয়মিত মন্ত্রনালয়ের ইনোভেশন কমিটির নিকট প্রেরণ অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী ব্যবস্থাপক (আইসিটি)
২	ইনোভেশন টিম পুনঃগঠন	সভায় ইনোভেশন টিমের আকার ও কর্মপরিধি নিয়ে নিয়ে আলোচনা হয়। মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সবাইকে কমিটি পুনঃগঠনের সুপারিশ করা হয়।	আগামী ৩০.১২.২০১৭ ইং তারিখের মধ্যে বিদ্যুৎ কেন্দ্রে সমূহকে তাদের ইনোভেশন টিমের কমিটি গঠন পূর্বক দপ্তরাদেশ জারি করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	প্ল্যান্ট ইনচার্জ, এমপিএস/জিপি পি/ আরপিপি, ময়মনসিংহ/ গাজীপুর/ চট্টগ্রাম।
৩	ইনোভেশন প্রশিক্ষণ	ইতোমধ্যে সদর দপ্তরের ২ জন কর্মকর্তা ৫ দিনের প্রশিক্ষণে অংশগ্রহন করেছেন। অন্যান্য প্রতিষ্ঠানের সাথে সমন্বয় করে পর্যায়ক্রমে প্রশিক্ষণের জন্য মনোনয়ন প্রদান পূর্বক একটি তালিকা বিদ্যুৎ বিভাগে প্রেরণ করার ব্যাপারে সভায় আলোচনা হয়।	ইনোভেশন প্রশিক্ষণের জন্য ১০ জনের তালিকা বিদ্যুৎ বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।	মহাব্যবস্থাপক (মানবসম্পদ এবং প্রশাসন)

২১/১২

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৪	ইনোভেশন আইডিয়া পাঠানোর সময় বর্ধিতকরন	সভায় নতুন নতুন ইনোভাটিভ উদ্যোগ কিভাবে গ্রহন করা যায় সে বিষয়ে আলোচনা হয়। এছাড়াও ছোট- ছোট যেকোন ধরনের ইনোভেটিভ উদ্যোগ গ্রহণের উপর গুরুত্বারোপ করা হয়। এছাড়া আইডিয়া পাঠানোর সময় আগামী ৩০.১২.২০১৭ ইং তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়।	আইডিয়াসমূহ নির্ধারিত ফরম্যাটে আগামী ২৮.১২.২০১৭ ইং তারিখের মধ্যে সদর দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হয়।	প্ল্যান্ট ইনচার্জ, এমপিএস/জিপি পি/ আরপিপি, ময়মনসিংহ/ গাজীপুর/ চট্টগ্রাম

এছাড়াও আরপিসিএল এর ই- সার্ভিস বাস্তবায়নের রোডম্যাপের উপরে সভাপতি আলোকপাত করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ সেলিম ভূঁইয়া)  
আহবায়ক ইনোভেশন কমিটি  
ও  
নির্বাহী পরিচালক (প্রকৌশল)  
রুরাল পাওয়ার কোম্পানী লিঃ।

স্মারক নংঃ-২৭.২৬.০০০০.০০৩.০৯.০০৭.১৩. ১৪৯৬

তারিখঃ ২১/১২/২০১৭ ইং

সংযুক্তি :

- আরপিসিএল এর ইনোভেশন কমিটির বার্ষিক কর্মপরিকল্পনার নভেম্বর , ২০১৭ মাসের অগ্রগতির প্রতিবেদন।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) :

- সচিব (সংস্কার ও সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
- ব্যবস্থাপনা পরিচালক, আরপিসিএল, ঢাকা।
- উপ- সচিব (প্রশাসন), বিদ্যুৎ বিভাগ, বিজ্ঞাখস মন্ত্রণালয় , ঢাকা।।
- ইনোভেশন কমিটির সকল সদস্যবৃন্দ, আরপিসিএল, ঢাকা।
- প্ল্যান্ট ইনচার্জ, এমপিএস/জিপিপি/ আরপিপি, ময়মনসিংহ/ গাজীপুর/ চট্টগ্রাম।
- অফিস কপি।

বিতরণ (সদয় কার্যার্থে) :

- প্ল্যান্ট ইনচার্জ, এমপিএস/জিপিপি/ আরপিপি, ময়মনসিংহ/ গাজীপুর/ চট্টগ্রাম। (আলোচ্যসূচী-২,৪ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)
- মহাব্যবস্থাপক (মানব সম্পদ ও প্রশাসন), আরপিসিএল, ঢাকা। (আলোচ্যসূচী- ৩ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)
- সহকারী ব্যবস্থাপক (আইসিটি),আরপিসিএল, ঢাকা। (আলোচ্যসূচী-১ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন, কার্যবিবরণীটি আরপিসিএল ওয়েবসাইটে আপলোড এবং বিদ্যুৎ বিভাগের সংশ্লিষ্ট প্রোগ্রামারের ই- মেইলে প্ররণের ব্যবস্থা নিবেন )

